# ২০২০

## বাংলা - সাম্মানিক

### তৃতীয় সেমেস্টার

### পত্র ঃ CC-6

### (ঐতিহাসিক ভাষাবিজ্ঞান)

### পূর্ণমান - ৬৫

*প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।*

*উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।*

১। (ক) মধ্যভারতীয় আর্যভাষার স্তরগুলি কালসীমাসহ উল্লেখ করে এই ভাষার নিদর্শনগুলির পরিচয় দাও। ১০

*অথবা,*

(খ) বৈদিক ও ক্লাসিক্যাল সংস্কৃতের মধ্যে ভাষাতাত্ত্বিক পার্থক্যের কয়েকটি ক্ষেত্র সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো। ১০

২। (ক) প্রাচীন বাংলা ভাষার সময়সীমা উল্লেখপূর্বক এই ভাষার কয়েকটি রূপতাত্ত্বিক বৈশিষ্ট্য চর্যাপদের প্রেক্ষিতে উল্লেখ করো। ১০

*অথবা,*

(খ) আদি-মধ্যযুগের বাংলা ভাষার কয়েকটি ধ্বনিতাত্ত্বিক বৈশিষ্ট্য 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যের প্রেক্ষিতে সংক্ষেপে লেখো। ১০

৩। (ক) অন্ত্য-মধ্যযুগের বাংলা ভাষার রূপতাত্ত্বিক লক্ষণগুলি 'অন্নদামঙ্গল' কাব্য অবলম্বনে সংক্ষেপে উল্লেখ করো। ১০

*অথবা,*

(খ) স্বামী বিবেকানন্দ রচিত 'পরিব্রাজক' গ্রন্থটি থেকে উদাহরণসহযোগে আধুনিক বাংলা ভাষার ধ্বনিতাত্ত্বিক বৈশিষ্ট্যগুলি চিহ্নিত করো। ১০

৪। (ক) ভাষা বলতে কী বোঝায় একটি সংজ্ঞার সাহায্যে স্পষ্ট করো। ৫

*অথবা,*

(খ) পৃথিবীর যে-কোনো পাঁচটি ভাষা-পরিবারের নাম লেখো। ৫

৫। (ক) প্রাচীন বাংলা ভাষার ছন্দোরীতিগত বৈশিষ্ট সম্পর্কে সংক্ষেপে লেখো। ৫

*অথবা,*

(খ) আদি-মধ্য পর্বের বাংলা ভাষায় ক্রিয়ার কালের ব্যবহার সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো। ৫

৬। (ক) অন্ত্য-মধ্যযুগের বাংলা ভাষায় অপিনিহিতির ব্যবহার সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো। ৫

*অথবা,*

(খ) আধুনিক যুগের বাংলা ভাষায় বিভিন্ন ভাষার শব্দগ্রহণ সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো। ৫

৭। (ক) প্রাচীন ভারতীয় আর্যভাষার বাক্যগঠনগত বৈশিষ্ট্যগুলি সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো। ৫

*অথবা,*

(খ) প্রাচীন বাংলা ভাষার একটি ধ্বনিতাত্ত্বিক বৈশিষ্ট্য ও একটি রূপতাত্ত্বিক বৈশিষ্ট্যের উল্লেখ করো। ৫

*অথবা,*

(গ) অন্ত্য-মধ্যযুগের বাংলা ভাষায় কারক-বিভক্তির ব্যবহার সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো। ৫

৮। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও। ১×১৫

(ক) ভাষার গঠনগত উপাদানগুলি কী কী?

(খ) ঋগ্‌বেদ কোন ভাষায় লিখিত?

(গ) বৈদিক ভাষায় ক্রিয়ার কাল ক-টি ও কী কী?

(ঘ) 'প্রাকৃত' শব্দটির অর্থ কী?

(ঙ) প্রাচীন ভারতীয় আর্যভাষার আনুমানিক বিস্তৃতিকাল উল্লেখ করো।

(চ) দ্বাদশ > দুবাদস—কী জাতীয় পরিবর্তন?

(ছ) 'গাহাসওসঈ' কোন প্রাকৃত ভাষায় রচিত?

(জ) প্রাচীন ভারতীয় আর্যের কথ্য রূপের ক-টি আঞ্চলিক উপভাষা ছিল?

(ঝ) অন্ত্য-মধ্য বাংলা ভাষায় রাম > রাম্—এটি কী ধরনের পরিবর্তন?

(ঞ) 'লুই ভণই <u>গুরু</u> পুচ্ছিঅ জান'— নিম্নরেখ অংশটির কারক-বিভক্তি নির্ণয় করো।

(ট) 'চউপইআ' কত মাত্রার ছন্দ?

(ঠ) '<u>রচিলাঙ</u> তোমার সঙ্গীতে'—নিম্নরেখ শব্দে ক্রিয়াবিভক্তির বৈশিষ্ট্যটি লেখো।

(ড) '<u>গজব</u> করিলে তুমি <u>আজব</u> কথায়'— রেখাঙ্কিত শব্দ দুটি কোন ভাষা থেকে বাংলা ভাষায় গৃহীত হয়েছে?

(ঢ) কান্তি > কাঁতি —এটি কী ধরনের পরিবর্তন?

(ণ) পুরোনো পয়ার ছন্দ থেকে জন্ম নেওয়া দুটি আধুনিক বাংলা ছন্দের নাম লেখো।

———————